

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত আপনি আসামী জনাব মোঃ জাহালম ওরফে মোঃ আবু ছালেক ওরফে গোলাম মোর্ত্তজা এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ২১-০৫-২০১৯ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
১	জনাব মোঃ জাহালম ওরফে মোঃ আবু ছালেক ওরফে গোলাম মোর্ত্তজা, পিতা-মোঃ ইউসুফ আলী, মাতা-মনোয়ারা বেগম, সাং-ধুরুড়িয়া, থানা-নাগরপুর, জেলা-টাঙ্গাইল।	মেট্রোঃ বিশেষ মামলা নং-২৪২/১৫ সূত্র : আদাবর (ডিএমপি) থানার মামলা নং-১৬, তারিখ : ১০-০৪-২০১২ খ্রিঃ, ধারা : দণ্ডবিধি ৪০৯/৪১৯/ ৪২০/১০৯ এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ (পূর্বতন মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯) এর ৪(২)।

কে, এম, ইমরুল কায়েশ
মহানগর দায়রা জজ এবং
পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৮-২৫)

মূল্য : টাকা ৪.০০